

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ও অ্যাটর্নি জেনারেল জেমস ট্রাম্প প্রশাসনের স্টেট এবং স্থানীয় কর (STATE AND LOCAL TAX, SALT) সংস্কারের বিরুদ্ধে বহু স্টেট মামলায় আপিল দায়ের করার ঘোষণা দিয়েছেন

নিউ ইয়র্ক, কানেকটিকাট, মেরিল্যান্ড ও নিউ জার্সি মার্কিন যুক্তরাষ্ট্রের আপিল আদালতের দ্বিতীয় সার্কিটে (U.S. Court of Appeals for the Second Circuit) আপিল দায়ের করেছে

নিউ ইয়র্ক গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ ঘোষণা দিয়েছেন যে নিউ ইয়র্ক, কানেকটিকাট, মেরিল্যান্ড এবং নিউ জার্সি মার্কিন যুক্তরাষ্ট্রের আপিল আদালতের দ্বিতীয় সার্কিটে, স্টেট এবং স্থানীয় কর কর্তনের উপরে সীমা আরোপের বেআইনি এবং অভূতপূর্ব পদক্ষেপের কারণে, যেটি SALT হিসেবে পরিচিত, ফেডারেল সরকারের বিরুদ্ধে আইনি লড়াই চালিয়ে যাওয়ার জন্য আপিল নোটিস দায়ের করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের সাউদার্ন ডিস্ট্রিক্টের নিউ ইয়র্কের ডিস্ট্রিক্ট আদালতের (U.S. District Court for the Southern District) করা সেপ্টেম্বর 30, 2019 সালের স্টেটের মামলাকে প্রত্যাহ্যান করা রাখকে চ্যালেঞ্জ করে, যেটি যুক্তি দেয় যে, স্টেট এবং স্থানীয় কর সীমা মূলত ডেমোক্রেটিক স্টেটগুলোতে কার্যকরীভাবে সম্পত্তি কর বৃদ্ধি করার উদ্দেশ্যে রাজনৈতিকভাবে অনুপ্রাণিত একটি খেলা।

"ট্রাম্প প্রশাসনের স্টেট এবং স্থানীয় কর হল-সরল ও সহজভাবে- প্রতিহিংসার রাজনীতি," **গভর্নর কুওমো বলেন।** "প্রতি বছর আমরা যা ফেরত পাই তার চাইতে বেশি কর ডলার ওয়াশিংটনে ফেরত পাঠানোর বিচারে নিউ ইয়র্ক ইতিমধ্যেই দেশের মধ্যে শীর্ষস্থানীয়, এবং আমরা কর্পোরেটদের কর সঙ্কোচন এবং রিপাবলিকান স্টেটগুলোতে আরো বেশি অর্থ পাঠানোর জন্য কঠোর-পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর পকেট কাটার সুযোগ এই প্রশাসনকে দিবো না। চিরতরে এটি বাতিল হবার আগ পর্যন্ত আমরা এই অসাংবিধানিক আঘাতের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবো।"

"এই সীমা ইতোমধ্যেই নিউ ইয়র্কের কঠোর পরিশ্রমী, মধ্যবিত্ত পরিবারের উপর ভারী বোঝা চাপিয়ে দিয়েছে এবং, আশঙ্কা করা হচ্ছে যে, সামনের দিনগুলোতে, নিউ ইয়র্কের করদাতাদের জন্য এটি 100 বিলিয়ন মার্কিন ডলারের খরচ সৃষ্টি করবে, যে কারণে আমরা এই অর্থহীন ও অসাংবিধানিক আইনের বিরুদ্ধে লড়াই করব," **অ্যাটর্নি জেনারেল জেমস বলেন।** "নিউ ইয়র্ককে অধিক কর দেয়ায় কিংবা কংগ্রেস এবং প্রেসিডেন্টের একচোখা সিদ্ধানের কারণে এটির গুরুত্বপূর্ণ পাবলিক বিনিয়োগ পরিবর্তনে বাধ্য করা যাবে না।"

গভর্নর কুউমো এবং অ্যাটার্নি জেনারেল লেটিশিয়া জেমস, কানেকটিকাট, মেরিল্যান্ড এবং নিউ জার্সি সাথে ঐক্যবদ্ধভাবে, নিউ ইয়র্ক এবং তার করদাতাদেরকে ওয়াশিংটন, ডিসির স্টেট এবং স্থানীয় কর সংকোচনের কঠোর সম্ভবত্বতাকে সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে একটি জোটের নেতৃত্ব দেন। মূলত জুলাই 2018 সালে নিউ ইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টে দায়ের করা, এই মামলাটি, যুক্তি দেয় নতুন স্টেট এবং স্থানীয় কর সীমা নিউ ইয়র্ক এবং সমরূপ স্টেটগুলোকে লক্ষ্যবস্তু করার উদ্দেশ্যে প্রণীত হয়েছিল, এটি স্টেটগুলোর নিজস্ব অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের অধিকারে নাক গলায়, এবং এই সকল স্টেটের করদাতাদের অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতি করবে। স্টেট এবং স্থানীয় করের জন্য সর্বোচ্চ গড়পড়তা সংকোচনের মধ্যে শীর্ষ স্টেট - যাদের মধ্যে বেশিরভাগই ডেমোক্রেট দলের - যেমন নিউ ইয়র্ক, কানেকটিকাট, মেরিল্যান্ড এবং নিউ জার্সি।

ট্রাম্প প্রশাসনের দলকানা এজেন্ডার ফলে উদ্ভূত, 2017 সালের কর আইন, যা ফেডারেল কর বিধির শতাধিরও প্রাচীন নজিরকে উলটে দেয়, স্টেট এবং স্থানীয় কর সংকোচনকে 10,000 মার্কিন ডলারে সীমিত করে অকস্মাৎভাবে কাটছাঁট করেছে। নিউ ইয়র্ক স্টেটের করারোপ এবং আর্থিক বিভাগ (New York State Department of Taxation and Finance) এর বিশ্লেষণ থেকে অনুমান করা হয়েছে যে এই সীমাটি নিউ ইয়র্কবাসীর ফেডারেল ট্যাক্সকে বছরে 15 বিলিয়ন ডলার বাড়িয়ে দিবে। দেশের অন্যতম শীর্ষ দাতা স্টেট হিসেবে এই হামলা অন্য অনেক স্টেটের তুলনায় নিউ ইয়র্কের জন্য উল্লেখযোগ্যভাবে বেশি ক্ষতিকর। 2017 সালের আইন প্রণয়নের পূর্বে, নিউ ইয়র্ক কী পরিমাণ অর্থ ওয়াশিংটনে পাঠিয়েছে এবং তার কতটুকু ফেরত পেয়েছে সেই হিসেবে ইতোমধ্যেই অন্যান্য সকল রাষ্ট্রের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে বিস্মৃত বৈষম্য ছিল। কানেকটিকাট, মেরিল্যান্ড ও নিউ জার্সি-সহ অন্যান্য দাতা স্টেটও একইভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট এবং তার অংশীদার স্টেটগুলোর বিরুদ্ধে সেপ্টেম্বরে এটির রায় দেয়া স্বল্পেও, মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টের ডিস্ট্রিক্ট আদালত সম্মত হয় যে স্টেটগুলো স্টেট এবং স্থানীয় কর সংকোচন আবাসন মূল্য কমিয়ে দিতে পারে বলে তাদের যে যুক্তি ছিল তার ভিত্তিতে ক্ষতিগ্রস্ত হয়েছিল। সম্পত্তি কর কার্যকরীভাবে বৃদ্ধি করার মাধ্যমে, স্টেট এবং স্থানীয় কর সীমা গৃহমালিকদের সম্পত্তির মূল্যও কমিয়ে দেবে, যার ফলে আবাসন বিক্রি অনুৎসাহিত করে এবং এই বিক্রির উপরে কর ধার্য করার মাধ্যমে স্টেটগুলো যে রাজস্ব সংগ্রহ করতো তা কমিয়ে দেয়।

সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনগুলো অযাচাইকৃত প্রমাণ দেখাচ্ছে যে নিউ ইয়র্কবাসী, বিশেষত স্টেটের সর্বোচ্চ উপার্জনকারী, স্টেট এবং স্থানীয় কর ছাড়ের সীমার কারণে ইতিমধ্যে তাদের বাড়িঘর এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি ক্লোরিডার মতো স্টেটে স্থানান্তরিত করেছে। নিউ ইয়র্কে, স্টেটের কর আয়ের 46%-এর ব্যবস্থা করে শীর্ষ 1% করদাতা এবং তাদেরকে হারিয়ে ফেলা এই স্টেটকে মহান করে তোলার ক্ষেত্রে অবদানকারী সকল ব্যক্তির জন্য সুযোগ প্রদানের নিউ ইয়র্কের যে অঙ্গীকার সেটি বাস্তবায়নের সম্ভাবনাকে হুমকির মুখে ফেলে দেয়।

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)